



গণতন্ত্রে শক্তি আনতে পিআর সমাধান নয়: ডা. জাহিদ হোসেন



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেছেন, গণতন্ত্রের বিকাশ ও শক্তিশালীকরণে প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন (পিআর) কোনো কার্যকর পথ নয়। তিনি মনে করেন, জনগণের মতামত উপেক্ষা করে পিআরের নামে দলীয় স্বার্থ চাপিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে, যা স্বৈরাচারের সুযোগ সৃষ্টি করতে পারে।

শুক্রবার (১৯ সেপ্টেম্বর) রাজধানীর সেগুনবাগিচায় আয়োজিত এক সম্মেলনে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেন, নির্বাচন ঘনিষ্ঠে আসার সঙ্গে সঙ্গে পিআর নিয়ে নানা আন্দোলন ও কর্মসূচি দেখা দিচ্ছে। কিন্তু গণতন্ত্রকে শক্তিশালী করতে এটি কার্যকর কোনো পদক্ষেপ নয়।

তিনি বলেন, “গণতান্ত্রিক অধিকার প্রয়োগের অংশ হিসেবে অনেকে পিআর চাইতে পারেন, তবে এটি বাধ্যতামূলক করার মানসিকতা অগণতান্ত্রিক। জনগণের মতামতের বাইরে চাপিয়ে দেওয়া কোনো প্রস্তাব গণতন্ত্রের সঙ্গে যায় না।”

ডা. জাহিদ আরও অভিযোগ করেন, জনগণের নামে পিআরের দাবি তুলে নির্বাচন বিলম্বিত করার চেষ্টা চলছে। এতে স্বৈরাচারের জন্য ক্ষেত্র প্রস্তুত হতে পারে। তিনি সতর্ক করে বলেন, “জনগণের নামে দলীয় এজেন্ডা চাপিয়ে দেওয়ার চেষ্টা কোনোদিন সফল হবে না। সাধারণ মানুষই এর প্রতিবাদে এগিয়ে আসবে